# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 25.07.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্য গুলির খনিজের ওপর কর বসানোর অধিকার রয়েছে এবং এমএমডিআর আইন রাজ্যের অধিকারকে সীমাবদ্ধ করে না বলে সুপ্রিম কোর্ট রায় দিয়েছে।

২) দেশের মধ্যে এ রাজ্যেই প্রথম খাদ্য দফতরের অনলাইন পোর্টালের মাধ্যমে রেশন কার্ডের ভুল সংশোধন, ঠিকানা পরিবর্তন সহ একাধিক পরিষেবা চালু করার ফলে ২২ লক্ষ মানুষ উপকৃত হয়েছেন বলে খাদ্য মন্ত্রী আজ বিধানসভায় জানিয়েছেন।

৩) দেশে বলবত্‍ হওয়া নতুন তিনটি ফৌজদারি আইন নিয়ে সরকার পক্ষ আগামীকাল রাজ্য বিধানসভায় নিন্দা প্রস্তাব আনতে চলেছে।

৪) যাদবপুর বিশ্ববিদ্যালয়ে চোর সন্দেহে ইঞ্জিনিয়ারিং-এর এক ছাত্রের ওপর অন্য পড়ুয়াদের নির্যাতনের অভিযোগকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছ।

৫) জলপাইগুড়ির ময়নাগুড়িতে গাছের সঙ্গে বেঁধে এক কংগ্রেস কর্মীর মৃত্যুর ঘটনায় পুলিশ পাঁচ জনকে গ্রেপ্তার করেছে।

৬) ডুরান্ড কাপ ফুটবল প্রতিযোগিতা আগামী শনিবার কলকাতায় শুরু হচ্ছে।

------------------------------------------------------------------------------------------

----------

খনিজের ওপর কর বসানোর অধিকার রাজ্যগুলির রয়েছে এবং কেন্দ্রের খনি ও খনিজ উন্নয়ন ও নিয়ন্ত্রণ MMDR আইন, রাজ্যের অধিকারকে সীমাবদ্ধ করে না বলে, সুপ্রিম কোর্ট রায় দিয়েছে। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বে ন জন বিচারপতির সাংবিধানিক বেঞ্চ, আট এক সংখ্যাগরিষ্ঠতাযর ভিত্তিতে আজ এই রায় দেন। প্রধান বিচারপতি তাঁর এবং তাঁর সঙ্গে সহমত ৭ জন বিচারপতির রায় নিজে লিখেন। ভিন্নমতের রায় লেখেন বিচারপতি বিভি নাগরত্না।

যে যে বিষয় সাংবিধানিক বেঞ্চের বিচার্য ছিল, তার একটি হলো, খননের লিজের ওপর রয়ালটিকে কর হিসেবে ধরা যায় কিনা এবং ১৯৫৭ সালের এমএমডিআর আইন বলবৎ হবার পর রাজ্যগুলির সেই খনন অধিকারের ওপর রয়ালিটি বা কর বসানোর ক্ষমতা আছে কিনা।

সংখ্যাগরিষ্ঠ বিচারপতির সঙ্গে সহমত হননি বিচারপতি নাগরত্না। তাঁর মতে, রাজ্যগুলিকে খনিজের ওপর কর বসানোর অধিকার দেওয়া হলে, জাতীয় সম্পদের ক্ষেত্রে সমতা ক্ষুন্ন হবে। রাজ্যগুলির মধ্যে শুরু হবে এক অস্বাস্থ্যকর প্রতিযোগিতা। এর জেরে যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থা ভেঙে পড়তে পারে।

শীর্ষ আদালতের এই রায়, পরবর্তী সময়ের ক্ষেত্রেই প্রযোজ্য হবে কিনা, এর ওপর শুনানি হবে আগামী বুধবার।

-----------------------

দেশের মধ্যে এ রাজ্যেই প্রথম খাদ্য দফতরের অনলাইন পোর্টালের মাধ্যমে রেশন কার্ডের ভুল সংশোধন, ঠিকানা পরিবর্তন সহ একাধিক পরিষেবা চালু করা হয়েছে।

এবছর ফেব্রুয়ারি মাসে এই পরিষেবা চালু হওয়ার পর থেকে এ পর্যন্ত ২২ লক্ষ মানুষ উপকৃত হয়েছেন বলে খাদ্যমন্ত্রী রথীন ঘোষ বিধানসভায় জানিয়েছেন। বিধানসভার প্রশ্নোত্তর পর্বে আজ তিনি বলেন, বিভিন্ন কাজে সাধারণ মানুষের বারবার দফতরে ঘোরাঘুরি ও হয়রানি কমাতে এই উদ্যোগ। এটি চালু হওয়ার  সঙ্গে সঙ্গেই বিপুল সাড়া মিলেছে।

খাদ্য দফতরের তথ্য অনুযায়ী, এর আওতায় ৫ নম্বর ফর্ম পূরণ করে নাম, ঠিকানা ও বয়স সংশোধন করা যাবে।

এছাড়া, রেশন দোকান পরিবর্তন, কার্ড কনভারশন ও সারেন্ডার করা এবং ডিজিটাল রেশন কার্ডের সঙ্গে মোবাইল নম্বর লিঙ্ক করার মত বিভিন্ন বিষয়েও সেলফ সার্ভিস মারফত আবেদন করা যাবে।

রেশন কার্ডের তথ্য ভুল থাকলে তা সংশোধন করার ক্ষেত্রে সাধারণ মানুষকে অনেক সময় যে দুর্ভোগে পড়তে হয়, এর ফলে সেই হয়রানিও এড়ানো সম্ভব হবে বলে খাদ্যমন্ত্রী জানান।

------------------------

রাজ্য বিধানসভায় আজ ২০২৪-এর তপশিলি জাতি, উপজাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর উন্নয়ন ও অর্থ নিগম সংশোধনী বিল পেশ করা হয়েছে। দপ্তরের মন্ত্রী বুলুচিক বরাইক এই বিলটি পেশ করে বলেন, জনজাতির উন্নয়নে রাজ্য সরকার এবার সংশোধিত এই বিলে জনজাতিভুক্ত প্রতিনিধিদের অন্তর্ভুক্ত করার সংস্থান রেখেছে। এর ফলে তপশিলি জাতি, উপজাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর মানুষের আর্থ সামাজিক উন্নয়নের কাজ ত্বরান্বিত হবে।

বিরোধী বিজেপি সদস্যদের অভিযোগ খারিজ করে দিয়ে তিনি বলেন, শিক্ষা, চাকরি, সহ প্রতিটি ক্ষেত্রেই রাজ্য সরকার তপশিলি জাতি, উপজাতিভুক্তদের উন্নয়নে কাজ করে চলেছে।

আলোচনায় অংশ নিয়ে বিজেপি বিধায়ক বিশ্বনাথ কারক সংশোধনীর বিরোধিতা করে বলেন, সংবিধান সম্মতভাবে কাজ যদি সঠিকভাবে করা যায় তাহলে তফসীল জাতীয় উপজাতি অন্যান্য অনগ্রসর শ্রেণীর উন্নয়ন সম্ভব। সে কাজ রাজ্য সরকার কতটা করছে তা নিয়ে সদনে তিনি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর কাছে জানতে চান। বিগত অর্থ বর্ষের বাজেটে তফসিলি জাতি উপজাতি অন্যান্য অনগ্রসর শ্রেণী খাতে যে ব্যয় বরাদ্দ করা হয়েছিল সেই টাকা ওই খাতে কতটা খরচ হয়েছে তাও তিনি জানতে চান। রাজ্য সরকারের সর্বজনীন প্রকল্পে কতজন জন জাতিকে পেনশন দেওয়া হচ্ছে তাও জানতে চান বিশ্বনাথ বাবু।

অন্যদিকে, সংশোধনীর সমর্থনে তৃণমূল কংগ্রেস বিধায়ক শ্যামল মন্ডল বলেন 2011 সালে তৃণমূল কংগ্রেস সরকার ক্ষমতায় আসার পর তপশিলি জাতি, উপজাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণীর আর্থসামাজিক উন্নয়নের কাজ করছে এই সরকার। কেন্দ্রের আর্থিক বঞ্চনা সত্ত্বেও রাজ্য সরকার উন্নয়নের কাজ এগিয়ে নিয়ে চলেছে বলে তিনি জানান।

অন্যান্যদের মধ্যে তৃণমূল কংগ্রেসের রাজিব লোচন সোরেন, বিজেপির চন্দনা বাউরি,তৃণমূল কংগ্রেসের মৃত্যুঞ্জয় মুর্মু প্রমূখ আলোচনায় অংশ নেন।

------------------------

বিদ্যুৎ খরচ কমাতে রাজ্য সরকার আরও বেশি করে সৌর শক্তির ব্যবহারের ওপর জোর দিচ্ছে। বিধানসভায় আজ প্রশ্ন-উত্তর পর্বে তথ্য প্রযুক্তি দপ্তরের প্রতিমন্ত্রী

বাবুল সুপ্রিয় বলেন, ছ হাজার ৮৪৪টি বিদ্যালয়ে সোলার প্যানেল বসানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই প্যানেল চালু হলে বিদ্যুৎ বিলে ৩৫ কোটি টাকা সাশ্রয় হবে। অন্য এক প্রশ্নের জবাবে কারিগরি, শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের মন্ত্রী ইন্দ্রনীল সেন জানান, রাজ্য সরকারের উৎকর্ষ বাংলা প্রকল্পের মাধ্যমে পঞ্চাশ শতাংশের বেশি মহিলা সুবিধা পেয়েছেন।

------------------------

দেশে বলবত্ হওয়া নতুন তিনটি ফৌজদারি আইন নিয়ে সরকার পক্ষ রাজ্য বিধানসভায় নিন্দা প্রস্তাব আনতে চলেছে। আগামীকাল ১৬৯ ধারার আওতায় এই প্রস্তাবটি উত্থাপন করা হবে। তারপর দুই দিন এর ওপর আলোচনা হবে বলে জানা গেছে।

উল্লেখ্য, গত পয়লা জুলাই থেকে ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ও ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম এই তিনটি ফৌজদারি আইন চালু হয়েছে।

------------------------

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির তিনদিনের দিল্লী সফর শেষ মুহূর্তে বাতিল করা হয়েছে। একাধিক দলীয় এবং সরকারি কর্মসূচি নিয়ে তৃণমূল কংগ্রেস প্রধানের রাজধানীতে যাওয়ার কথা ছিল। শনিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে নীতি আয়োগের গভর্নিং কাউন্সিলের বৈঠকে মুখ্যমন্ত্রীর যোগ দেওয়ার কথাও জানানো হয়েছিল দলীয় সূত্রে।

উল্লেখ্য, বাজেটে বৈষম্যের অভিযোগে বিরোধী দল শাসিত কয়েকটি রাজ্যের মুখ্যমন্ত্রীরা ইতোমধ্যেই নীতি আয়োগের বৈঠকে যোগ না দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। তার প্রেক্ষিতে মুখ্যমন্ত্রীর এই সফর বাতিল তাৎপর্যপূর্ণ।

------------------------

এবছরের কেন্দ্রীয় বাজেটে বিহার ও অন্ধ্রপ্রদেশের জন্য ঢালাও বরাদ্দ করা হলেও পশ্চিমবঙ্গকে বঞ্চিত করা হয়েছে, শিক্ষা ও স্বাস্থ্য কাতে বরাদ্দ বাড়ানো হয়নি - এই অভিযোগে কংগ্রেস আজ কলকাতায় বিক্ষোভ দেখায়। দক্ষিন কলকাতা জেলা কংগ্রেস কমিটির সভাপতি প্রদীপ প্রসাদের নেতৃত্বে দলের কর্মী সমর্থকরা ভবানীপুরে যদুবাবুর বাজারের সামনে এই বিক্ষোভে সামিল হন। তাদের অভিযোগ, নিত্য প্রয়োজনীয় সামগ্রীর অস্বাভাবিক মূল্য বৃদ্ধির কারণে সাধারণ মানুষ আর্থিক চাপের মুখে পড়েছেন। অথচ মূল্য বৃদ্ধি নিয়ন্ত্রণে কেন্দ্র সরকার কোনো পদক্ষেপ নিচ্ছে না।

------------------------

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারের বক্তব্যের ভুল ব্যাখ্যা করা হচ্ছে বলে বিজেপি দাবি করেছে। নতুন দিল্লিতে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে রাজ্যসভার সাংসদ ও রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য বলেন, বিজেপি রাজ্য ভাগের পক্ষে নয়। শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় অনেক আন্দোলন করে পশ্চিমবঙ্গকে প্রতিষ্ঠা করেছিলেন। তাই কোন অবস্থাতেই বিজেপি বাংলাকে ভাগ হতে দেবে না। আসাম, ত্রিপুরা সহ সমগ্র উত্তর-পূর্ব ভারতের উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকারের প্যাকেজের মধ্যে উত্তরবঙ্গকে অন্তর্ভুক্ত করার জন্য শ্রী মজুমদার প্রস্তাব দিয়েছেন। এর ফলে উত্তরবঙ্গের উন্নয়ন হবে।

------------------------

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে চোর সন্দেহে ইঞ্জিনিয়ারিং-এর এক ছাত্রের ওপর অন্য পড়ুয়াদের নির্যাতনের অভিযোগ উঠেছে। কম্পিউটার সায়েন্সের সান্ধ্য বিভাগের ঐ ছাত্রটি ল্যাপটপ চুরি করেছে, এই অভিযোগে তার সহপাঠীদের একাংশ ছেলেটিকে মেইন হস্টেলে বেধড়ক মারধর করে। খবর পেয়ে বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সুপার হস্টেলে

গিয়ে ছাত্রটিকে উদ্ধার করেন। গুরুতর অসুস্থ অবস্থায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ে রেজিস্ট্রার জানিয়েছেন, এখনও পর্যন্ত এ ব্যাপারে কোনো অভিযোগ দায়ের হয়নি।

মেডিকেল সুপার মিতালি দেব অবশ্য বলেছেন এটি রাগিং-এর ঘটনা নয়।

বাইট

উল্লেখ্য, বছর খানেক আগে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের এই মেইন হস্টেলেই রাগিং-এর কারণে প্রথম বর্ষের এক ছাত্রের মৃত্যুর ঘটনায় গোটা দেশ তোলপাড় হয়।

-------------------------

ক্লাস চলাকালীন মালদার গৌড়বঙ্গ বিশ্ববিদ্যলয়ের ক্যাম্পাসে ঢুকে এক ছাত্রীকে ছুরির কোপ মেরে আত্মহত্যার চেষ্টার অভিযোগ উঠেছে এক যুবকের বিরুদ্ধে। আশঙ্কাজনক অবস্থায় দুজনকে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। জানা গেছে, গণিত বিভাগের দ্বিতীয় সেমেস্টারের ছাত্রী অনুশ্রী চক্রবর্তীকে করিডরে পেয়ে ছুরি দিয়ে এলোপাথারি কোপ মারতে শুরু করে অলোক মন্ডল। এরপর নিজের গলাতেও কোপ বসায় সে। অলোক নিজেও ঐ বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যার প্রাক্তন ছাত্র। কি কারণে এই হামলা তা এখনও জানা যায়নি।

-------------------------

বাংলাদেশে কোটা সংস্কার নিয়ে আন্দোলনরত ছাত্র সমাজের প্রতি সংহতি জানিয়ে চার বাম ছাত্র সংগঠন AIDSO, AISA, AISF, PSU আজ কলকাতার রামলীলা ময়দান থেকে বাংলাদেশ হাইকমিশন পর্যন্ত এক মিছিলে সামিল হয়। পুলিশ এই সংহতি মিছিল বাংলাদেশ লাইব্রেরীর সামনে আটকে দিলে অংশগ্রহণকারীদের সঙ্গে পুলিশের

ধস্তাধস্তি বাধে। তারপরে সেখানেই বিক্ষোভ সভার আয়োজন করা হয়। পরে চার সদস্যের প্রতিনিধি দল বাংলাদেশ হাইকমিশনে গিয়ে স্মারকলিপি প্রদান করে। বিক্ষোভ সভায় বক্তব্য রাখেন পিএসইউ'র সাধারণ সম্পাদক নওফেল মহা সফিউল্লা, এআইডিএসও'র রাজ্য সভাপতি মণিশঙ্কর পট্টনায়ক, এআইএসএফ'র পক্ষে প্রীতম দাস, AISA'র পক্ষে তিয়াসা।

------------------------

এদিকে বাংলাদেশের ঘটনাবলীর প্রেক্ষিতে কলকাতা-ঢাকা-কলকাতা মৈত্রী এক্সপ্রেস আগামী শনিবার ২৭ জুলাই বাতিল থাকবে।

বাংলাদেশ রেলওয়ে সূত্রে জানা গেছে, মৈত্রী এক্সপ্রেসের যে ট্রেন আগামী ২৭ জুলাই কলকাতা ও ঢাকা থেকে ছাড়ার কথা দুটি ট্রেনই বাতিল থাকবে।
ওই দুই ট্রেনে আসন সংরক্ষণ করা যাত্রীরা শর্ত সাপেক্ষে বাতিল ট্রেনের ভাড়ার সম্পূর্ণ অর্থ ফেরত পাবেন বলে রেল সূত্রের খবর।

------------------------

জলপাইগুড়ির ময়নাগুড়ি ব্লকের হঠাৎকলোনী এলাকায় এক কংগ্রেস কর্মীকে গাছের সঙ্গে বেঁধে বেধড়ক মারধরের ঘটনায় তাঁর মৃত্যু হয়েছে। মানিক রায় নামে মৃত ঐ ব্যক্তির স্ত্রী ১১ জনের নামে অভিযোগ দায়ের করেছেন। পুলিশ এ পর্যন্ত ৫ জনকে গ্রেপ্তার করেছে। তাদের আজ আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়।

স্থানীয় সূত্রে জানা গেছে, পুরনো কিছু সমস্যা নিয়ে গতরাতে প্রতিবেশীদের সঙ্গে মানিকবাবু বিবাদে জড়ান। বচসা থেকে তা গড়ায় হাতাহাতিতে। এরপর তাকে গাছে বেঁধে লাঠি ও রড দিয়ে বেধড়ক মারধর করা হয় বলে অভিযোগ। খবর পেয়ে

ময়নাগুড়ি থানার পুলিশ তাকে উদ্ধার করে গ্রামীণ হাসপাতালে নিয়ে যায়। অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে স্থানান্তরিত করা হয় জলপাইগুড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে। সেখানেই আজ ভোরে তাঁর মৃত্যু হয়।

------------------------

১৩৩ তম ডুরান্ড কাপ ফুটবল প্রতিযোগিতা আগামী শনিবার কলকাতায় শুরু হচ্ছে। ২৪ টি দল এবার অংশ নিচ্ছে। প্রথম দিন যুবভারতী ক্রীড়াঙ্গনে গতবারের চ্যাম্পিয়ন মোহনবাগান সুপারজায়ান্ট, শ্রীনগরের ডাউনটাউন হিরোজের বিরুদ্ধে খেলবে। আজ কলকাতায় এক অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস ডুরান্ড কাপের আবরণ উন্মোচন করেন। অনুষ্ঠানে পূর্বাঞ্চলীয় সেনাপ্রধান লেফটেন্যান্ট জেনারেল আর সি শ্রীকান্ত, মেজর জেনারেল রাজেশ মোঘে, ক্রীড়া প্রতিমন্ত্রী মনোজ তিওয়াড়ি উপস্থিত ছিলেন। কলকাতা ছাড়াও কোকরাঝাড়, শিলং ও জামশেদপুরে এবারের প্রতিযোগিতার গ্রূপপর্বের খেলা অনুষ্ঠিত হবে।

------------------------ ------------------------